এপ্রিল/২০২৩ মাসের মাসিক সভার কার্যবিবরণী

সভাপতিঃ	জনাব মোঃ সোলায়মান বিশ্বাস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, টুঙ্গিপাড়া
সভার তারিখ ও সময়ঃ	১৩/০৪/২০২৩, সকাল-১১.০০ ঘটিকা
স্থানঃ	"বজ্রকন্ঠ" উপজেলা পরিষদ সভা কক্ষ।

উপস্থিত ব্যক্তিবর্গের তালিকাঃ পরিশিষ্ট "ক"

জনাব মোঃ সোলায়মান বিশ্বাস, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, টুঙ্গিপাড়া এর সভাপতিত্বে এপ্রিল/২০২৩ মাসের মাসিক সমন্বয় সভা "বজ্রকন্ঠ'' উপজেলা পরিষদ সভা কক্ষে অনুষ্ঠিত হয়। সভাপতির সম্মতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার সভা পরিচালনা করেন। অতঃপর পূর্ববর্তী মাসের কার্যবিবরণী সকলকে পাঠ করে শুনানো হয়। কার্যবিবরনীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে দৃঢ়করণ করা হয়। অতঃপর বিভিন্ন দপ্তরের কর্মকর্তাগণকে সমন্বয় সভায় তাদের বক্তব্য উপস্থাপনের আহবান জানান।

উপজেলা প্রকৌশলীর কার্যালয়, টুঙ্গিপাড়া

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
সভায় উপজেলা প্রকৌশলী, টুঙ্গিপাড়া জানান যে, ২০২২-২০২৩ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি)র প্রকল্পের কাজ চলমান রয়েছে। সভায় তিনি আরও জানান যে, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর হতে নতুন ভাবে কয়েকটি প্রকল্প পুনঃনির্মানের জন্য বরাদ্দ এসেছে। এমতাবস্থায় উক্ত কাজ বাস্তবায়নের জন্য পুরাতন ব্রীজ, কালভার্ট ও মসজিদ অপসারণ করা প্রয়োজন। প্রকল্পগুলো হচ্ছে (১) কুশলী মাদ্রাসা হতে ইবাদত গাজীর বাড়ী সড়কে ২৪০.০০ মিঃ চেইনেজে ০১টি জরাজীর্ণ ব্রীজ অপসারণ (২) সিঙ্গিপাড়া আরএইচডি হতে পাটগাতী জিসি সড়কে ৪৫৮০ মিঃ চেইনেজে ০১টি জরাজীর্ণ ব্রীজ অপসারণ (৩) কুশলী জিসি হতে ধারাবাসাইল জিসি ভায়া মিত্রডাঙ্গা সোনাখালী সড়কে ৫৫০৮মিঃ চেইনেজে ১টি জরাজীর্ণ কালভার্ট অপসারণ (৪) পাটগাতী ইউজেডআর ডাঃ মাহমুদের বাড়ী হতে মন্ডলবাড়ী সড়কের ১৯৩৮ মিঃ রাইট ট্রাফিক ব্রীজ অপসারণ। (৫) গিমাডাঙ্গা মধ্যপাড়া মাদ্রাসা নতুন বাজার ভায়া গিমাডাঙ্গা পূর্বপাড়া হাউজ অফ সেলিম খানের বাড়ীর নিকট মোতাহার সেখের বাড়ীর সড়কের ১০৭০ মিঃ চেইনেজে ০১টি জরাজীর্ণ কালভার্ট অপসারণ (৬) শেখ সায়েরা খাতুন হাসপাতাল সংলগ্ন পুরাতন জামে মসজিদ অপসারণ। সভায় তিনি আরও জানান যে, উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যান পুরুষ ও মহিলা পিআইসি কমিটির মাধ্যমে কাজ বাস্তবায়নের জন্য ০২টি প্রকল্প দাখিল করেছেন (১) টুঙ্গিপাড়া উপজেলার কমিউনিটি ক্লিনিকগুলোতে আসবাবপত্র সরবরাহ কাজ (অংশ-১)- ২,০০,০০০/= (দুই লক্ষ টাকা) মাত্র। (২) টুঙ্গিপাড়া উপজেলার কমিউনিটি ক্লিনিকগুলোতে আসবাবপত্র সরবরাহ কাজ (অংশ-২)- ২,০০,০০০/= (দুই লক্ষ টাকা) মাত্র। সভায় তিনি আরও জানান যে, ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন প্রকল্পের ০৬টি নতুন উপ-প্রকল্প প্রস্তাব পাওয়া গেছে (১) বর্নি-বাশুড়িয়া উপ- প্রকল্প (২) ভেড়াবাড়ী-চাপরাইল উপ-প্রকল্প (৩) ভৈরবনগর- সালুখা উপ- প্রকল্প (৪) জোয়ারিয়া-পাথরঘাটা উপ-প্রকল্প, (৫) গোপালপুর হাটখোলা উপ-প্রকল্প (৬) কুশলী রামচন্দ্রপুর উপ-প্রকল্প। প্রকল্পগুলো সভায় অনুমোদন হলে প্রকল্প প্রধান কার্যালয়ে প্রেরণ করা যেতে পারে। সভায় তিনি আরও জানান যে, উপজেলা ডরমিটরী ভবনের ছাদের কয়েকটি স্থান হতে পানি পড়ে উক্ত স্থানগুলো সংস্কার করা প্রয়োজন মর্মে সংস্কারের প্রস্তাব উপস্থাপন করেন। এবং উক্ত কাজের বিল উপজেলা পরিষদের বাসা-বাড়ী খাত হতে নির্বাহের জন্য সভায় প্রস্তাব উপস্থাপন করেন। সভায় তিনি আরও জানান যে, উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষ, উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ ও উপজেলা পরিষদের গাড়ী রাখার গ্যারেজে জরুরী কিছু মেরামত/সংস্কার কাজ করা প্রয়োজন। উক্ত কাজের জন্য	সিদ্ধান্তঃ (১) সভায় উত্থাপিত প্রস্তাবগুলো সর্বসম্মত সিদ্ধান্তের প্রেক্ষিতে অনুমোদিত হয়। (২) উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষ, উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ ও উপজেলা পরিষদের গাড়ী রাখার গ্যারেজে সংস্কার কাজ বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে বাস্তবায়নের জন্য অনুরোধ জানান।	১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, টুঙ্গিপাড়া ২। উপজেলা নির্বাহী অফিসার, টুঙ্গিপাড়া ৩। উপজেলা প্রকৌশলী, টুঙ্গিপাড়া।

CamScanner

২০,০০,০০০/= টাকার একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। প্রক্কলনটি সভায় অনুমোদনের জন্য প্রস্তাব উপস্থাপন করেন। প্রস্তাবটি সভায় অনুমোদন হলে বরাদ্দ চেয়ে উর্দ্ধতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ করা হবে। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।		

উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয়, টুঙ্গিপাড়া

সভায় উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, টুঙ্গিপাড়া জানান যে, উপজেলা পর্যায়ে কাবিটা/কাবিখা কাজ চলমান রয়েছে। অতি দরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচীর কাজ চলমান রয়েছে। উর্দ্ধতন কর্তৃপক্ষের নির্দেশনার প্রেক্ষিতে ৪০ দিনের পরিবর্তে ৩৬ দিন করা হয়েছে। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।	---০---	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, টুঙ্গিপাড়া

ইসলামিক ফাউন্ডেশন, টুঙ্গিপাড়া

সভায় ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, টুঙ্গিপাড়া জানান যে, আগামী ১৭ এপ্রিল, ২০২৩ খ্রিঃ তারিখ মাননীয় প্রধানমন্ত্রী ভিডিও কনফারেন্সের মাধ্যমে টুঙ্গিপাড়া উপজেলা মডেল মসজিদ ও সাংস্কৃতিক কেন্দ্রসহ মোট ৫০টি মডেল মসজিদ ও সাংস্কৃতিক কেন্দ্র উদ্বোধন করবেন। উক্ত অনুষ্ঠানে সকলকে উপস্থিত থাকার জন্য অনুরোধ জানান। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।	---০---	ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, টুঙ্গিপাড়া

উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) এর কার্যালয়, টুঙ্গিপাড়া

সভায় উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), টুঙ্গিপাড়া জানান যে, (১) গোপালগঞ্জ জেলায় নিরাপদ পানি সরবরাহ প্রকল্প (২) সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্প ও (৩) উপকূলীয় জেলা সমূহে বৃষ্টির পানি সংরক্ষণ প্রকল্প এই তিনটি প্রকল্পের মাধ্যমে গভীর নলকূপ, ওয়াটার ট্রিটমেন্ট প্লান্ট, আর্সেনিক আয়রন রিমুভার প্লান্ট ও রেইন ওয়াটার হার্ভেস্টার এর কাজ চলমান রয়েছে। টুইন পিট ল্যাট্রিনের কাজ সম্পন্ন করা হয়েছে। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে।	সিদ্ধান্তঃ অসম্পন্ন কাজ দ্রুত সম্পন্ন করার জন্য অনুরোধ জানান।	উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), টুঙ্গিপাড়া

উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তার কার্যালয়, টুঙ্গিপাড়া

সভায় উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা, টুঙ্গিপাড়া জানান যে, টুঙ্গিপাড়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের আওতাধীন ১৭টি কমিউনিটি ক্লিনিকের চাহিদাপত্র উপজেলা পরিষদ কার্যালয়ে প্রেরণ করা হয়েছে। সভায় তিনি আরও জানান যে, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ডাক্তার স্বল্পতার বিষয়ে কোন সমাধান হয়নি। এছাড়া নিয়মিত স্বাস্থ্য সেবা কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।	সিদ্ধান্তঃ সমন্বয় করে কাজ চালিয়ে নেওয়ার অনুরোধ জানান।	উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, টুঙ্গিপাড়া

উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তার কার্যালয়, টুঙ্গিপাড়া

সভায় উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা (ভাঃপ্রাঃ), টুঙ্গিপাড়া জানান যে, মার্চ/২০২৩ মাস পর্যন্ত গর্ভবতী মায়ের সেবা প্রদান করা হয়েছে ২৩৮ জনের, শিশু সেবা প্রদান করা হয়েছে ১৫৫২ জনের, কিশোর-কিশোরী সেবা প্রদান করা হয়েছে ১১৪৪ জনের সাধারণ রোগী সেবা প্রদান করা হয়েছে ৩০০৪ জন, স্বাভাবিক প্রসব সেবা প্রদান করা হয়েছে ৩৪জনের, মোট সিএআর ৭৭.৯২%। এছাড়া নিয়মিত স্বাস্থ্য সেবা কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।	---০---	উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ।

উপজেলা শিক্ষা কর্মকর্তার কার্যালয়, টুঙ্গিপাড়া

সভায় উপজেলা শিক্ষা অফিসার, টুঙ্গিপাড়া জানান যে, সরকারি নির্দেশনার প্রেক্ষিতে ০৭/০৪/২০২৩ খ্রি. তারিখ হতে ২৬/০৪/২০২৩ খ্রি. তারিখ পর্যন্ত বিদ্যালয় বন্ধ আছে। গত ১১/০৪/২০২৩ খ্রি. তারিখ হতে বিষয়ভিত্তিক বাংলা প্রশিক্ষণ চলমান রয়েছে। ১৬টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে রুটিন মেইটেন্যান্স ও ০৩টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মাইনর মেরামত কাজ চলছে। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে।	---০---	উপজেলা শিক্ষা কর্মকর্তা, টুঙ্গিপাড়া।

CS CamScanner

উপজেলা সমাজসেবা কর্মকর্তার কার্যালয়

সভায় উপজেলা সমাজ সেবা কর্মকর্তা, টুঙ্গিপাড়া নিজ পরিচয় প্রদান করেন এবং দাপ্তরিক কাজ পরিচালনার জন্য সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে।	---০---	উপজেলা সমাজ সেবা কর্মকর্তা, টুঙ্গিপাড়া

উপজেলা কৃষি কর্মকর্তার কার্যালয়, টুঙ্গিপাড়া

সভায় উপজেলা কৃষি অফিসার, টুঙ্গিপাড়া জানান যে, টুঙ্গিপাড়া বর্তমানে প্রচন্ড তাপদাহ হচ্ছে। যে কারণে ফসলের হীট ইনজুরী হয়ে ধান চিটা হয়ে যেতে পারে। ফসল হীট ইনজুরী হতে বাঁচানোর জন্য জমিতে সার্বক্ষনিক পানি বন্ধ করে রাখতে হবে। এছাড়া অন্যান্য কর্মকান্ড স্বাভাবিকভাবে চলমান আছে।	সিদ্ধান্তঃ স্ব স্ব ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান বিষয়টি নিজ এলাকার সাধারণ কৃষকদের অবহিত করানোর জন্য নেওয়ার অনুরোধ জানান।	উপজেলা কৃষি অফিসার, টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ।

সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়

সভায় সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, টুঙ্গিপাড়া জানান যে, চলতি মাসে মৎস্য আইন বাস্তবায়নের জন্য ০১টি সাধারণ অভিযান পরিচালনা করা হয়। ১ নভেম্বর/২২ হতে জুন/২০২৩ খ্রি. পর্যন্ত জাটকা সংরক্ষণ এর অংশ হিসেবে নিয়মিত নদী ও হাট বাজার পরিদর্শন ও জেলে পল্লীতে জাটকা ধরা পরিবহন ও বিক্রয় না করার জন্য মৎস্যজীবিদের পরামর্শ প্রদান করা হয়েছে। মৎস্য খাদ্য বিক্রেতাদের হালনাগাদ লাইসেন্স নবায়ন ও যারা লাইসেন্স করেন নাই তাদের নতুন লাইসেন্স করার জন্য নিয়মিত তাগাদা দেয়া হচ্ছে। এছাড়া সাসটেইনেবল কোস্টাল এন্ড মেরিন ফিশারিজ প্রজেক্ট এর ক্লাস্টার এর চিংড়ী উৎপাদন বৃদ্ধির কার্যক্রমের অংশ হিসেবে ক্লাস্টারে অন্তর্ভুক্ত চাষিদের প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়ন করা হয়েছে এবং ক্লাস্টারভূক্ত চাষীদের উন্নত চিংড়ী চাষের পরামর্শ প্রদান করা হচ্ছে। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে।	সিদ্ধান্তঃ মৎস্য আইন বাস্তবায়নের জন্য মৎস্য শিকারের অবৈধ উপকরন ব্যবহার বন্ধে স্ব স্ব ইউনিয়নের চেয়ারম্যানগণকে চৌকিদার ও দফাদারদের এ কাজে নিয়োজিত করার অনুরোধ জানান।	(১) সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, টুঙ্গিপাড়া (২) সংশ্লিষ্ট ইউ,পি চেয়ারম্যান, কুশলী/বর্নি/ গোপালপুর/ পাটগাতী/ ডুমরিয়া ইউনিয়ন, টুঙ্গিপাড়া।

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়, টুঙ্গিপাড়া

সভায় উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, টুঙ্গিপাড়া জানান যে, আত্মকর্মসংস্থান কর্মসূচীর আওতায় ঋনের সংখ্যা ১০৩৭ । এখানে আদায় যোগ্য ঋণের পরিমান ২২৫৬৪০৩৭/= টাকা আদায়কৃত ঋণের পরিমান ২১৬৮২৪৯৬/= মোট আদায়ের হার ৯৬%। খেলাপী ঋণের পরিমান- ১০৬৯৯৬৪/= টাকা। পরিবার ভিত্তিক কর্মসূচীর আওতায় ঋণের সংখ্যা ৭১১৬। আদায় যোগ্য ঋণের পরিমান ৫৯১২০৬০০/= টাকা, আদায় কৃত টাকার পরিমান- ৫৫২১২৯৬৫/=টাকা মোট আদায়ের হার ৯৩%। খেলাপী ঋণের পরিমান- ৩৯০৭৬৩৫/= টাকা। সভায় উপজেলা নির্বাহী অফিসার টুঙ্গিপাড়া জানান যে, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, টুঙ্গিপাড়া যোগদানের পর হতে ১৯,৪০,০০০/= টাকা অনাদায়ী খেলাপী ঋণ আদায় করতে সক্ষম হয়েছেন। এজন্য সভায় উপস্থিত সকলে উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, টঙ্গিপাড়াকে ধন্যবাদ জ্ঞাপন করেন। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে।	সিদ্ধান্তঃ ঋণ আদায় কর্মসূচী অব্যাহত রাখার পাশাপাশি নতুন নতুন উদ্যোক্তা সৃষ্টির জন্য অনুরোধ জানান।	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, টুঙ্গিপাড়া

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কর্যালয়

সভায় উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, টুঙ্গিপাড়া জানান যে, টুঙ্গিপাড়া উপজেলায় ২০২২-২০২৩ ভিডব্লউবি চক্রে কার্ড সংখ্যা সর্বমোট ২০৯৫টি। মার্চ ২০২৩ মাসে ২০৯৫ উপকারভাগীর মাঝে ৩০ কেজি হারে চাল বিতরণ কার্যক্রম ইউ,পি চেয়ারম্যানদের মাধ্যমে সম্পন্ন করা হয়েছে। মাতৃত্বকালী ভাতা ২০২২-২০২৩ টুঙ্গিপাড়া উপজেলায় ৪টি ইউনিয়নে ৫জন করে এবং ডুমরিয়া ৭জন উপকারভোগী নির্বাচনের জন্য বরাদ্দ পাওয়া গেছে। জুলাই ২০২২ হতে মার্চ ২০২৩ পর্যন্ত প্রিতিমাসে ২৭জন করে উপকার ভোগী নির্বাচন শেষ হয়েছে। ভাতা ভেগী নির্বাচনের মাস হতেই মাসিক ৮০০/= টাকা হারে প্রতিমাসে এম,আই,এস এর মাধ্যমে	---০---	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, টুঙ্গিপাড়া

ভাতা বিতরণ কাজ চলমান রয়েছে। আইজিএ প্রকল্প ৩ নভেম্বর, ২০২২ মাসে ১৭ তম ব্যাচ এর প্রশিক্ষণ কার্যক্রম চালু করা হয়েছে। ১৮তম ব্যচের ভর্তি কার্যক্রম প্রক্রিয়াধীন। নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ বিষয়ে নভেম্বর,২০২২ মাসে ০১টি আবেদন পাওয়া গেছে এবং যথাযথ ব্যবস্থা নেয়া হয়েছে। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। বাল্য বিবাহ নিরোধ সামাজিক আন্দোলনের অংশ হিসাবে মহিলা বিষয়ক অধিদপ্তর, টুঙ্গিপাড়ায় নভেম্বর, ২০২২ মাসে বান্য বিবাহ প্রতিরোধ, যৌতুক, যৌন হয়রানী, ইভটিজিং ও সচেতনতা বিষয়ক ২টি উঠান বৈঠক করা হয়েছে। কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের অধীনে ৫টি ইউনিয়ন ও ০১টি পৌরসভায় মোট ৬টি কিশোর কিশোরী ক্লাব স্থাপন করা হয়েছে। উক্ত ক্লাব সমূহ প্রতিটিতে ২০ জন কিশোরী ও ১০ জন কিশোরের সমন্বয় পরিচালিত হচ্ছে। ক্ষুদ্রঋণ কার্যক্রমের আওতায় ২৩০ জনের মাঝে বিতরণকৃত মূলধন- ২২৮৫৫৩০ টাকা বিতরণ করা হয়েছে। এবং আদায় হয়েছে- ১৭৯৭৪০৩ টাকা। এই উপজেলায় মোট ১৭টি স্বেচ্ছাসেবী মহিলা সমিতি আছে। এর মধ্যে ১৩টি সংস্থা সক্রিয় বাকী ৪টি নিস্ক্রিয়। বাংলাদেশ মহিলা কল্যাণ পরিষদ হতে সাধারণ অনুদান প্রাপ্তির জন্য ৮টি আবেদন পাওয়া গেছে। আবেদনগুলো জেলা পর্যায়ে প্রেরণ করা হয়েছে। সভায় তিনি আরও জানান যে, জয়িতাদের খুজে আনার জন্য আবেদন ফরম বিতরণ ও ৫টি ইউনিয়ন ও পৌরসভায় বহুল প্রচার করা হয়েছে। "জয়িতা" একজন সফল নারীর প্রতিচ্ছবি। এ কর্মসূচীর লক্ষ্য হল সমাজের সর্বস্তরের নারী মধ্যে আস্থা ও অনুপ্রেরণা সৃষ্টি যাতে তারাও শত বাধা পেরিয়ে সফল নারী হিসেবে আত্মপ্রকাশ ঘটাতে সক্ষম হন।		

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার কার্যালয়, টুঙ্গিপাড়া

সভায় উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, টুঙ্গিপাড়া জানান যে, চলতি মাসে মোট ৩০.৫৯ লক্ষ টাকার ঋণ বিতরণ করা হয়েছে। বকেয়াসহ মোট আদায় ১৩.০৮ লক্ষ টাকা। বর্তমানে কোন প্রশিক্ষণ কার্যক্রম চলমান নেই। এছাড়া দপ্তারিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে।	সিদ্ধান্তঃ ঋণ আদায় প্রচেষ্টা অব্যাহত রাখার অনুরোধ জানান।	১। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, টুঙ্গিপাড়া

উপজেলা সমবায় কর্মকর্তার কার্যালয়

সবায় উপজেলা সমবায় কর্মকর্তা, টুঙ্গিপাড়া জানান যে, উপজেলা সমবায় বিভাগের চলমান কার্যক্রমের ভিতরে সমবায় সমিতি নিবন্ধন সহ অডিট কার্যক্রম যথা নিয়মে লক্ষমাত্রা অনুযায়ী চলছে। এছাড়া বর্তমান সময়ে সারাদেশে বিশেষ করে সমবায় বিভাগের নিবন্ধন বিহীন বিভিন্ন নামে বহুমুখী/মাল্টিপারপাস সমিতির নামে সঞ্চয় সংগ্রহ সহ লোন কার্যক্রম পরিচালনা করছে। তাই বিশেষ করে টুঙ্গিপাড়া উপজেলায় এ ধরনের অনুমোদন বিহীন কোন সমিতি অএ বিভাগের নজর এড়িয়ে কার্যক্রম করলে তাহা উপজেলা সমবায় বিভাগকে অবহিত করতে অনুরোধ করা হলো। সভায় তিনি আরও জানান স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়ের অধীন সমবায় অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন দুগ্ধ উন্নয়ন প্রকল্পের অধীন উপজেলা সমবায় দপ্তর টুঙ্গিপাড়া ,গোপালগঞ্জ এর আওতায় ১৬৬ জন দুগ্ধ খামারীকে ঘূর্নায়মান তহবিল হিসাবে ০৩(তিনি) বছর মেয়াদী =১,৩৭,৫০,০০০/=(এক কোটি সাইত্রিশ লক্ষ পঞ্চাশ হাজার) টাকা সুদ বিহীন ঋণ দাদন করা হয়েছিল। বর্তমান মাস পর্যন্ত ঋণ আদায়ের পরিমান = ৪৬৮১৪০০/=টাকা। সভায় তিনি আরও জানান যে, মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের আওতায় বাস্তবায়নাধীন আশ্রয়ন প্রকল্প ফেইজ ২ এর অধীন উপজেলা সমবায় দপ্তর টুঙ্গিপাড়া ,গোপালগঞ্জ এর আওতায় নিবন্ধিত ০২(দুই)টি সমিতিতে ৬৮ জন সদস্যদেরকে ১১,১০,০০০/= টাকা ঋণ দাদন করা হয়েছে। বর্তমান মাস পর্যন্ত = ৪৩৩৭০৬/= টাকা আদায় করা হয়েছে। স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়ের অধীন সমবায় অধিদপ্তর	---০---	উপজেলা সমবায় কর্মকর্তা, টুঙ্গিপাড়া

CamScanner

কর্তৃক বাস্তবায়নাধীন উন্নত জাতের গাভী পালনের মাধ্যমে সুবিধাবঞ্চিত মহিলাদের জীবনযাত্রার মান উন্নয়ন প্রকল্পের আওতায় ইতো মধ্যে উপজেলা সমবায় দপ্তর টুঙ্গিপাড়া ,গোপালগঞ্জ এর অধীন নিবন্ধিত ০২টি নারী উন্নয়ন সমবায় সমিতি লিঃ এর ২০০ জন মহিলা সদস্যদের মাঝে ২,৪০,০০,০০০/=(দুই কোটি চল্লশি লক্ষ) টাকা এবং আবর্তক হিসাবে ঋণ ৩৫,০০,০০০/=(পয়ত্রিশ লক্ষ) টাকা সুদ বিহীন ঋণ দাদন করা হয়েছে। বর্তমান মাস পর্যন্ত আদায় ১২৩৯৭৪০০/=টাকা। এ প্রকল্পটি চলমান।ঋন আদায়ের হার ৭৫% স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়ের অধীন বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমী(বাঁড) কর্তৃক বাস্তবায়নাধীন সাঁবকি গ্রাম উন্নয়ন প্রকল্পে (৩য় পর্যায়) এর আওতায় ইতো মধ্যে উপজেলা সমবায় দপ্তর টুঙ্গিপাড়া ,গোপালগঞ্জ এর অধীন নিবন্ধিত ৫৯টি সমবায় সমিতি আছ। প্রত্যকে সমিতির গ্রামর্কমীকে মাসকি ২৫০০/= টাকা করে সন্মানী ভাতা প্রদান করা হয়। সভায় তিনি আরও জানান যে, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়ের অধীন সমবায় অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন প্রস্তাবিত “বঙ্গমাতা মহিলা সমবায় সমিতির মাধ্যমে নারী সমবায়ীদের দক্ষতা উন্নয়ন ও উদ্যেক্তা সৃজন” প্রকল্পের কার্যক্রম উদ্ধতন কর্তৃপক্ষের নির্দেশ মোতাবেক পর্যাক্রমে চলমান আছে। পরবর্তী নির্দেশনার আলোকে নিবন্ধন কার্যক্রম সম্পন্ন করা হবে। স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়ের অধীন সমবায় অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন “বঙ্গবন্ধু গণমুখী সমবায় ভাবনার আলোকে বঙ্গবন্ধু মডেল গ্রাম প্রতিষ্ঠা পাইলট প্রকল্প অত্র উপজেলায় গ্রহন করা হয়েছে। প্রকল্পের আওতায় ” বঙ্গবন্ধু মডেল গ্রাম সমবায় সমিতি লিঃ পাটগাতী, নামে সমিতিটির নিবন্ধন কার্যক্রম সম্পাদন করা হয়েছে। নিবন্ধিত সমিতির ৮০ জন সদস্যদের মাঝে প্রত্যেককে ৫০০০০/=(পঞ্চাশ হাজার) টাকা করে সর্বমোট ৪০,০০,০০০/=(চল্লিশ লক্ষ) টাকা ঋণ বিতরন করা হয়েছে। উদ্ধতন কর্তৃপক্ষের নির্দেশনার আলোকে প্রয়োজনীয় কার্যক্রম চলমান আছে। যথাযথ নির্দেশনার আলোকে কার্যক্রম সম্পাদন করা হবে।		

গোপালগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি, টুঙ্গিপাড়া সাব সেন্টার

সভায় ডেপুটি জেনারেল ম্যানেজার, গোপালগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি, টুঙ্গিপাড়া সাব সেন্টার জানান যে, মাননীয় প্রধানমন্ত্রীর নতুন বাড়ীতে ৭৫ কেভিএ থেকে লোড বৃদ্ধিপূর্বক ৩০০ কিঃওঃ লোডে উন্নীত করার লক্ষ্যে ০৪ স্প্যান নতুন লাইন নির্মাণ পূর্বক ৪৫০ কেভিএ ট্রান্সফরমার স্থাপন কাজ চলমান আছে। শীঘ্রই সম্পন্ন করা হবে। নতুন সংযোগ প্রদানের বিষয়টি অব্যাহত আছে। অন্যান্য উপজেলার চেয়ে টুঙ্গিপাড়া উপজেলায় বকেয় বিদ্যুৎ বিল বেশি। বকেয়া বিদ্যুৎ বিল আদায়ের প্রচেষ্টা অব্যাহত রয়েছে। এছাড়া দপ্তারিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে।	সিদ্ধান্তঃ নতুন বিদ্যুৎ লাইনের কাজ দ্রুত বাস্তবায়নের জন্য অনুরোধ জানান।	ডেপুটি জেনারেল ম্যানেজার, গোপালগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি, টুঙ্গিপাড়া সাব সেন্টার

উপজেলা পরিসংখ্যান কর্মকর্তার কার্যালয়, টুঙ্গিপাড়া

সভায় উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, টুঙ্গিপাড়া জানান যে, গম ফসলের তথ্য সংগ্রহ কাজ চলমান। আমন ফসলের তথ্য সংগ্রহ কার্যক্রম চলমান। গম ও আলু ফলের জরিপের তথ্য সংগ্রের কাজ চলমান রয়েছে। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে।	সিদ্ধান্তঃ ফসল উৎপাদনের তথ্য সংগ্রহ কাজ দ্রুত সম্পন্ন ও অবহিত করার অনুরোধ জানান।	উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, টুঙ্গিপাড়া

উপজেলা পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন, টুঙ্গিপাড়া

সভায় উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, টুঙ্গিপাড়া জানান যে, নতুন সদস্য অন্তভূক্ত ২৬ জন, ঋণ বিতরণ- ৪০.৮৪ লক্ষ টাকা, ঋণ আদায়- ৩৬.৪২ লক্ষ টাকা, সাধারণ সঞ্চয় আদায়- ৩.১৩ লক্ষ টাকা। উঠান বৈঠক ০৮টি করা হয়েছে। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে।	---0---	উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, টুঙ্গিপাড়া।

CS CamScanner

চেয়ারম্যান, কুশলী ইউনিয়ন পরিষদ, টুঙ্গিপাড়া

সভায় চেয়ারম্যান, কুশলী ইউনিয়ন পরিষদ, টুঙ্গিপাড়া জানান যে, তার ইউনিয়নের স্ট্রীট সোলার লাইট গুলো ঠিকমত জ্বলছে না। লাইটগুলো ঠিক করা প্রয়োজন। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে।	সিদ্ধান্তঃ নস্ট স্ট্রীট সোলারের লাইটের তালিকা করে স্ব স্ব বিভাগকে অবহিত করার অনুরোধ জানান।	চেয়ারম্যান, কুশলী ইউনিয়ন পরিষদ, টুঙ্গিপাড়া

চেয়ারম্যান, বর্নি ইউনিয়ন পরিষদ, টুঙ্গিপাড়া

সভায় চেয়ারম্যান, বর্নি ইউনিয়ন পরিষদ, টুঙ্গিপাড়া জানান যে, উপজেলা প্রকৌশলীর কার্যালয়ের মাধ্যমে ৫টি ইউনিয়নের ৫টি খাল ও উপ-প্রকল্প বাস্তবায়নের কথা ছিল সে প্রেক্ষিতে বর্নি ইউনিয়ন হতে উপ-প্রকল্প ও খালের তালিকা উপজেলা প্রকৌশলীর কার্যালয়ে প্রেরণ করা হয়েছে।	সিদ্ধান্তঃ উপজেলা প্রকৌশলী, টুঙ্গিপাড়া এ বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার অনুরোধ জানান।	চেয়ারম্যান, কুশলী ইউনিয়ন পরিষদ, টুঙ্গিপাড়া

চেয়ারম্যান, ডুমরিয়া ইউনিয়ন পরিষদ, টুঙ্গিপাড়া

সভায় চেয়ারম্যান, ডুমরিয়া ইউনিয়ন পরিষদ, টুঙ্গিপাড়া জানান যে, ডুমরিয়া ইউনিয়নে কোন সার, বীজ, কীটনাশকের কোন ডিলার নেই। যে কারণে সাধারণ কৃষকগণ সঠিক সময়ে সার-বীজ ক্রয় করতে পারছেন না। এমতাবস্থায়, সার-বীজ, কীটনাশকের জন্য ডুমরিয়া ইউনিয়নে একজন ডিলার দেওয়ার অনুরোধ জানান। সভায় উপজেলা কৃষি অফিসার, টুঙ্গিপাড়া জানান যে, ডুমরিয়া ইউনিয়নের জন্য সার, বীজ ও কীটনাশকের একজন ডিলার রয়েছেন কিন্তু সে ডুমরিয়া ইউনিয়নে বসেন না। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	সিদ্ধান্তঃ সার ডিলারদের স্ব স্ব ইউনিয়নে ব্যবসা পরিচালনার জন্য অনুরোধ জানান। ডুমরিয়া ইউনিয়নের সার-বীজ ডিলারের বিষয় উপজেলা সার-বীজ মনিটরিং মনিটরিং সভায় উপস্থাপন করে জেলা সার-বীজ মনিটরিং কমিটির নিকট প্রেরণের অনুরোধ জানান।	চেয়ারম্যান, ডুমরিয়া ইউনিয়ন পরিষদ, টুঙ্গিপাড়া

উপজেলা মহিলা চেয়ারম্যান, উপজেলা পরিষদ, টুঙ্গিপাড়া

সভায় উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান, টুঙ্গিপাড়া উপজেলা জানান যে, উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয় শারিরীক ভাবে অসুস্থ্য থাকায় দেশের বাহিরে অবস্থান করছেন। তার শারিরীক সুস্থ্যতার জন্য সকলকে দোয়ার জন্য অনুরোধ জানান। সভায় তিনি আরও জানান যে, উপজেলা পরিষদে স্থায়ী ১৭টি কমিটি আছে কিন্তু কমিটির সদস্য সচিব কর্তৃক নিয়মিত সভা আহবান করা হয় না। নিয়মিত সভা আহবানের জন্য সকলকে অনুরোধ জনানা। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	---০---	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, টুঙ্গিপাড়া

গ্রাম পুলিশ নিয়োগ সংক্রান্ত

সভায় উপজেলা নির্বাহী অফিসার, টুঙ্গিপাড়া জানান যে, টুঙ্গিপাড়া উপজেলার ইউনিয়ন পরিষদের গ্রাম পুলিশ শূণ্য পদের বিপরীতে সরকারি বিধি মোতাবেক কুশলী ইউনিয়নের ২নং ও ৯নং ওয়ার্ডের (১) জনাব মোঃ বিপ্লব শেখ, পিতা- রমজান শেখ, মাতা- নাজমা বেগম, গ্রাম- চরকুশলী, ডাকঘর- কুশলী ইসলামিয়া (২) জনাব সামাদ শেখ, পিতা- এহিয়া শেখ, মাতা- খাদিজা বেগম, গ্রাম- দক্ষিন বাশুড়িয়া, ডাকঘর- শ্রীরামকান্দি জন্য ০২ জন, গোপালপুর ইউনিয়নের ২নং ওয়ার্ডের জন্য জনাব রাজিব বিশ্বাস, পিতা- বিপদ ভঞ্জন বিশ্বাস, মাতা- গৌর বিশ্বাস, গ্রাম- রাখিলাবাড়ী, ডাকঘর- সিলনা ০১ জন, পাটগাতী ইউনিয়নের ৩ নং ও ৯নং ওয়ার্ডের জন্য যথাক্রমে (১) জনাব সুরজীৎ ঘরামী, পিতা- নরেশ চন্দ্র ঘরামী, মাতা- ঝর্না রানী ঘরামী, গ্রাম+ডাকঘর- পাটগাতী, (২) জনাব শরিফুল ইসলাম, পিতা- জাকির শেখ, মাতা- ফজিলা বেগম, গ্রাম- পাঁচকাহনীয়া, ২জন, বর্নি ইউনিয়নের ২নং, ৩নং ও ৬ নং ওয়ার্ডের জন্য যথাক্রমে (১) জনাব প্রিন্স বালা, পিতা- গৌরাঙ্গ বালা, মাতা- করুনা বালা, গ্রাম- সেনেরচর (২) জনাবোঃ নূর আলিম শেখ, পিতা- মৃত. মোঃ লোকমান শেখ, মাতা- জামেলা বেগম, গ্রাম- বর্নি, (৩) জনাব সোহান বিশ্বাস, পিতা- ঠান্ডা বিশ্বাস, মাতা- শাহানুর বেগম, গ্রাম- বর্নি ০৩জন সর্বমোট ০৮ জন গ্রাম পুলিশ নিয়োগ প্রদান করা হয়েছে। নিয়োগপ্রাপ্ত গ্রাম পুলিশগণ স্ব স্ব ইউনিয়ন পরিষদে যোগদান করেছেন। সভায়টি সভায় সকলের অবগতি ও অনুমোদনের জন্য প্রস্তাব উপস্থান করেন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	সিদ্ধান্তঃ ইউনিয়ন পরিষদের গ্রাম পুলিশ নিয়োগের বিষয়টি সর্বসম্মত সিদ্ধান্তের প্রেক্ষিতে অনুমোদিত হয়।	(১) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, টুঙ্গিপাড়া। (২) উপজেলা নির্বাহী অফিসার, টুঙ্গিপাড়া।

CamScanner

উপজেলা পরিষদ জীপ গাড়ীর রেজিস্ট্রেশন সংক্রান্ত

সভায় উপজেলা নির্বাহী অফিসার, টুঙ্গিপাড়া জানান যে, উপজেলা পরিষদ, টুঙ্গিপাড়া এর অনুকূলে নতুন একটি জীপ গাড়ী বরাদ্দ হয়েছে। জীপ গাড়ীটির ইঞ্জিন নং- 4D56UBC1685 এবং চেসিস নং- PILSUVKS3W2101173 গাড়ীটি বিধি মোতাবেক রেজিঃ করা প্রয়োজন। রেজিঃ সংক্রন্ত যাবতীয় ব্যয় উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য পরিশোধের জন্য প্রস্তাব উপস্থাপন করেন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	সিদ্ধান্তঃ প্রস্তাবটি সর্বসম্মত সিদ্ধান্তের প্রেক্ষিতে অনুমোদিত হয়।	(১) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, টুঙ্গিপাড়া। (২) উপজেলা নির্বাহী অফিসার, টুঙ্গিপাড়া।

অতঃপর সভায় অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্তি ঘোষণা করেন।

১৩/০৪/২৩
(মোঃ সোলায়মান বিশ্বাস)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ।

স্মারক নং-০৫.৩০.৩৫৯১.০০৬.০০.০০১.১২- ২৬৬

তারিখঃ ১৩/০৪/২০২৩খ্রিঃ

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হ'ল (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়):

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৩। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।

০৪। জেলা প্রশাসক, গোপালগঞ্জ।

০৫। মাননীয় জাতীয় সংসদ সদস্যের প্রতিনিধি, গোপালগঞ্জ-৩।

০৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার, গোপালগঞ্জ।

০৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, টুঙ্গিপাড়া।

০৮। মেয়র, টুঙ্গিপাড়া পৌরসভা, টুঙ্গিপাড়া।

০৯। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, টুঙ্গিপাড়া।

১০। উপজেলা ....কর্মকর্তা, টুঙ্গিপাড়া/অফিসার ইনচার্জ, টুঙ্গিপাড়া থানা, গোপালগঞ্জ।

১১। চেয়ারম্যান .... ইউপি (সকল), টুঙ্গিপাড়া।

১২। জনাব ....

১৩। অফিস কপি।

১৩/০৪/২৩
(মোঃ আল মামুন)
উপজেলা নির্বাহী অফিসার
টুঙ্গিপাড়, গোপালগঞ্জ।
ফোন নং-(০২) ৬৬৫৬২০২

CS CamScanner